

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ  
(সাধারণ শাখা)  
[www.gopalganj.gov.bd](http://www.gopalganj.gov.bd)

স্মারক নং ০৫.৩০.৩৫০০.০০৫.২৩.০৫৩.১৯-৫৯

তারিখ : ০১ মাঘ ১৪২৬  
১৫ জানুয়ারি ২০২০

বিষয় : শিশু শিল্পী নির্বাচন (অডিশন)।

আগামি ১৭ মার্চ ২০২০ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধুর সমাধিসৌধ কমপ্লেক্স, টুঙ্গিপাড়ায় একটি আলোচনা সভা অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানটি সুন্দর ও মানসম্মত করার লক্ষ্যে বিষয় ভিত্তিক শিশু/শিশু শিল্পী প্রয়োজন। অডিশনের মাধ্যমে শিশু / শিশু শিল্পী বাছাই করা হবে। অডিশনের বিষয় ও সময়সূচি নিম্নরূপ :


ক্র.নং	বিষয়	বিবরণ	তারিখ ও সময়	স্থান
০১.	অডিশন (শিল্পী বাছাই)	ক. আবৃত্তি	০২.০২.২০২০। সকাল ১০:০০ টা	শেখ মনি অডিটরিয়াম
		খ. সংগীত	০৩.০২.২০২০। সকাল ১০:০০ টা	শেখ মনি অডিটরিয়াম
		গ. নৃত্য	০৪.০২.২০২০। সকাল ১০:০০ টা	শেখ মনি অডিটরিয়াম
		ঘ. পবিত্র কুরআন তিলাওয়াত, পবিত্র গীতা পাঠ, পবিত্র বাইবেল পাঠ ও পবিত্র ত্রিপিটক পাঠ	০৫.০২.২০২০। সকাল ১০:০০ টা	শেখ মনি অডিটরিয়াম
		ঙ. সভাপতি, স্বাগত বক্তা ও উপস্থাপক	০৬.০২.২০২০। সকাল ১০:০০ টা	শেখ মনি অডিটরিয়াম

- \* সভাপতি স্বাগত বক্তা নির্বাচনের ক্ষেত্রে কেবলমাত্র ১ম হতে ৫ম শ্রেণির শিশুরা অডিশনে অংশগ্রহণ করতে পারবে;
- \* উপস্থাপক নির্বাচনের ক্ষেত্রে কেবলমাত্র ৫ম শ্রেণি হতে ৯ম শ্রেণির ছেলে ও মেয়ে শিশুরা অডিশনে অংশগ্রহণ করতে পারবে;
- \* অন্যান্য বিষয় ভিত্তিক শিশু শিল্পী নির্বাচনের ক্ষেত্রে ৯ম শ্রেণি পর্যন্ত ছেলে ও মেয়ে শিশুরা অডিশনে অংশগ্রহণ করতে পারবে;
- \* অডিশনে অংশগ্রহণ করতে ইচ্ছুক শিশু শিল্পীদের নামের তালিকা ২৮ জানুয়ারি ২০২০ খ্রি. তারিখের মধ্যে বাংলাদেশ শিশু একাডেমি গোপালগঞ্জ কার্যালয়ে জমা দিতে হবে ;
- \* প্রতিষ্ঠান / সংগঠন থেকে প্রতি বিষয়ে একাধিক ছাত্র-ছাত্রী / শিশু শিল্পী অডিশনে অংশগ্রহণ করতে পারবে। প্রতিষ্ঠান / সংগঠন ব্যতিরেকে প্রতিভাবান যে কোনো শিশু এককভাবেও অডিশনে অংশগ্রহণ করতে পারবে;
- \* কেবলমাত্র গোপালগঞ্জ জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীগণ অডিশনে অংশগ্রহণ করতে পারবে। অডিশনে অংশগ্রহণের সময় প্রধান শিক্ষক / প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র সাথে থাকতে হবে;
- \* মূল অনুষ্ঠানের দিন কোনো অভিভাবক বাছাইকৃত শিল্পীদের সাথে টুঙ্গিপাড়ায় যেতে পারবেন না;
- \* নতুন, প্রতিভাবান এবং কম বয়সী শিশু শিল্পী অগ্রাধিকার ভিত্তিতে বিবেচিত হবে।

এমতাবস্থায়, উক্ত অডিশনে তার প্রতিষ্ঠান / সংগঠন থেকে ছাত্র-ছাত্রী / শিশু শিল্পীরা যাতে অংশগ্রহণ করতে পারে তার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

অধ্যক্ষ / প্রধান শিক্ষক/ সুপার / সভাপতি

....., গোপালগঞ্জ।

  
(কাজী শহিদুল ইসলাম)  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)  
গোপালগঞ্জ

অবগতি / কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, কেন্দ্রীয় কার্যালয়, ঢাকা। সংগীত ও নৃত্য বিষয়ে শিশু শিল্পী বাছাইয়ের জন্য তাঁর কর্তৃক নির্ধারিত (২+২) ০৪ (চার) জন বিচারক ঢাকা কেন্দ্রীয় কার্যালয় থেকে উল্লিখিত তারিখ ও সময়ে জেলা প্রশাসক, গোপালগঞ্জে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো;
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ সদর/কোটালীপাড়া/মুকসুদপুর/কাশিয়ানী/টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ। বিষয়টি তার উপজেলাধীন শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অবহিত করার জন্য এবং শিশুদের ব্যাপক অংশগ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় প্রচারণার জন্য অনুরোধ করা হলো;
- ০৩। সহকারী কমিশনার, গোপনীয় শাখা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৪। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, গোপালগঞ্জ;
- ০৫। .....